# 11575 - মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

## প্রশ্ন

আপনি কি আমাকে নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সংক্ষিপ্ত জীবনী দিতে পারবেন।

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

বনি ইসরাইল পরস্পর মতবিরোধে লিপ্ত হল। তারা তাদের আকিদা ও শরীয়তে পরিবর্তন ও বিকৃতি ঘটাল। ফলে সত্য অস্পষ্ট হয়ে গেল, বাতিল প্রকাশ পেল এবং যুলুম ও বিশৃঙ্খলা ছড়িয়ে পড়ল। তখন উম্মতের এমন একটি ধর্মের প্রয়োজন হলো যা সত্যকে প্রতিষ্ঠিত করবে, বাতিলকে মিটিয়ে দেবে এবং মানুষকে সরল পথের দিকে পরিচালিত করবে। আল্লাহ মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রেরণ করলেন। মহান আল্লাহ বলেন:

وَمَا أَنْزَلْنَا عَلَيْكَ الْكِتَابَ إِلَّا لِتُبَيِّنَ لَهُمُ الَّذِي اخْتَلَفُوا فِيهِ وَهُدًى وَرَحْمَةً لِقَوْمٍ يُؤْمِنُونَ

“আমি আপনার কাছে এই কিতাব নাযিল করেছি কেবল এই জন্য যে, তারা যে বিষয়ে মতভেদ করে, আপনি তাদের সেই বিষয়টি স্পষ্ট করে দিবেন; আর এটি ঈমানদারদের জন্য পথনির্দেশ ও অনুগ্রহস্বরূপ।”[সূরা নাহল: ৬৪]

আল্লাহ সকল নবী ও রাসূলকে একমাত্র আল্লাহর ইবাদতের দিকে আহ্বান করতে এবং মানুষকে অন্ধকার থেকে আলোর দিকে বের করে আনতে পাঠিয়েছেন। তাঁদের মধ্যে প্রথম হলেন নূহ আলাইহিস সালাম এবং সর্বশেষে হলেন মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। আল্লাহ বলেন:

وَلَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَّسُولًا أَنِ ٱعْبُدُوا۟ ٱللَّهَ وَٱجْتَنِبُوا۟ ٱلطَّٰغُوتَ

“আমি প্রত্যেক জাতির কাছে এই দাওয়াত দিয়ে একজন রাসূল পাঠিয়েছি যে, তোমরা আল্লাহর ইবাদত করো এবং তাগুত (মিথ্যা উপাস্য) থেকে দূরে থাকো।”[সূরা নাহল: ৩৬]

সর্বশেষ নবী ও রাসূল হলেন মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। তাঁর পরে আর কোনো নবী নেই। আল্লাহ বলেন:

مَّا كَانَ مُحَمَّدٌ أَبَا أَحَدٍ مِّن رِّجَالِكُمْ وَلَٰكِن رَّسُولَ اللَّهِ وَخَاتَمَ النَّبِيِّينَ

‘মুহাম্মাদ তোমাদরে কোনো পুরুষরে পতিা নয় (তার কোনো বয়স্ক ছলে নইে), বরং তনি আল্লাহর রাসূল এবং শষে নবী।’[সূরা আহযাব: ৪০]

প্রতটি নিবীকে কবেল তাঁর নজি জাতরি জন্য প্ররেণ করা হতো, কন্িতু আল্লাহ তাঁর রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সমগ্র মানবজাতরি জন্য প্ররেণ করছেনে। আল্লাহ বলনে:

وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا كَافَّةً لِّلنَّاسِ بَشِيرًا وَنَذِيرًا وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ

‘আমি আপনাকে সমগ্র মানবজাতরি জন্য সুসংবাদদাতা ও সতরককারী হসিবেে পাঠযিছে,ি কন্িতু অধকিাংশ মানুষ তা জানে না।’[সূরা সাবা: ২৮]

আল্লাহ তাঁর রাসূলরে উপর কুরআন নাযলি করছেনে, যার মাধ্যমে তনি মানুষকে পথ দখোবনে এবং তাদরে রবরে অনুমতিতে অন্ধকার থকেে আলোর দকিে বরে করে আনবনে। আল্লাহ বলনে:

كِتَابٌ أَنزَلْنَاهُ إِلَيْكَ لِتُخْرِجَ النَّاسَ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ بِإِذْنِ رَبِّهِمْ إِلَىٰ صِرَاطِ الْعَزِيزِ الْحَمِيدِ

“(এটি) একটি কিতাব, যা আমি আপনার প্রতি নাযলি করছে;ি যাতে আপনি মানুষকে তাদরে রবরে হুকুমে অন্ধকার থকেে আলোর দকিে, অর্থাৎ মহাপরাক্রমশালী ও সর্বময় প্রশংসার মালকিরে (আল্লাহর) পথে নয়িে আসতে পারনে।’[সূরা ইবরাহমি: ১]

আল্লাহর রাসূল মুহাম্মাদ ইবনে আবদুল্লাহ ইবনে আবদুল মুত্তালবি আল-হাশমি আল-কুরাইশি মক্কায়, হস্তরি বছর জন্মগ্রহণ করছেনে, যে বছর হস্তবিাহনিী কাবা ধ্বংস করতে এসছেলি। কন্িতু আল্লাহ তাদরেকে ধ্বংস করে দয়িছেলিনে। তাঁর জন্মরে আগইে মায়রে গর্ভে থাকার সময় তাঁর পতিা ইন্তকোল করনে। মুহাম্মাদ জন্মরে পর হালমিা সাদযি়া তাঁকে দুধ পান করান। এরপর তনি তিাঁর মা আমনিা বনিতে ওয়াহাবরে সাথে মদনিায় তাঁর মামাদরে কাছে যান। মক্কায় ফরোর পথে আবওয়া নামক স্থানে তাঁর মা ইন্তকোল করনে। তখন তাঁর বয়স ছলি ছয় বছর। এরপর তাঁর দাদা আবদুল মুত্তালবি তাঁর দায়ত্বি ননে। কন্িতু মুহাম্মাদরে বয়স আট বছর হলে তনিওি ইন্তকোল করনে। তখন তাঁর চাচা আবু তালবি তাঁর লালন-পালনরে দায়ত্বি ননে এবং চল্লশি বছররেও বশেি সময় ধরে তাঁকে আদর-যত্নে রাখনে ও তাঁর পক্ষে সুরক্ষা দনে। আবু তালবি মুহাম্মাদরে দ্বীনে বশ্বিাস না এনইে ইন্তকোল করনে। কারণ তনি আিশঙ্কা করছেলিনে যে কুরাইশরা তাকে পূর্বপুরুষদরে ধর্ম ত্যাগরে জন্য তরিস্কার করবে।

শশৈবে মুহাম্মাদ মক্কাবাসীদরে মষে চরাতনে। এরপর তনি খাদজিা বনিতে খুয়াইলদিরে ব্যবসায়কি পণ্য নয়িে শামে (বর্তমান সরিয়িাতে) সফর করনে। ব্যবসায় প্রচুর মুনাফা হয়। খাদজিা তাঁর চরত্রি, সততা ও আমানতদারতিায় মুগ্ধ হয়ে তাঁকে ববিাহরে প্রস্তাব দনে। তখন তাঁর বয়স ছলি পঁচশি বছর এবং খাদজিার বয়স ছলি চল্লশি বছর। খাদজিা জীবতি থাকা পর্যন্ত তনি

আর কোনো বিবাহ করেননি।

আল্লাহ মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে উত্তমভাবে গড়ে তুলেছিলেন এবং উত্তম শিষ্টাচারে তাঁকে সুশিক্ষিত করেছিলেন। তিনি তাঁকে লালন-পালন করেছেন ও জ্ঞান দান করেছেন, যাতে তিনি তাঁর কওমের মধ্যে সর্বোত্তম চরিত্রের অধিকারী, সর্বোচ্চ মনুষ্যত্বের প্রতীক, সর্বাধিক ধৈর্যশীল, সর্বাধিক সত্যবাদী এবং সর্বোচ্চ আমানতদার হন। এমনকি তাঁর সম্প্রদায় তাঁকে 'আল-আমিন' (বিশ্বস্ত) উপাধি দিয়ে।

এরপর নির্জনতা তাঁর কাছে প্রিয় হয়ে ওঠে। তিনি হেরা গুহায় দিনের পর দিন ও রাতের পর রাত একা থেকে ইবাদত করতেন এবং তাঁর প্রতিপালককে ডাকতেন। মূর্তি, মদ ও অশ্লীলতার প্রতি তাঁর ঘৃণা জন্মে এবং তিনি সারাজীবন এগুলোর দিকে ফিরেও তাকাননি।

মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বয়স যখন পঁয়ত্রিশ বছর, তখন কুরাইশদের সাথে কাবা পুনর্নির্মাণে অংশ নেন। কারণ বন্যার কারণে কাবার ক্ষতি হয়েছিল। হাজারে আসওয়াদ (কালো পাথর) স্থাপনের বিষয়ে যখন গোত্রগুলোর মধ্যে বিবাদ দেখা দিল, তখন সবাই তাঁকে বিচারক মনোনীত করল। তিনি একটি কাপড় আনিয়ে তাতে পাথরটি রাখলেন এবং সব গোত্রের নেতাদের কাপড়ের কোণ ধরতে বললেন। তারা সবাই মিলে পাথরটি উঠিয়ে নিয়ে গেল এবং মুহাম্মাদ নিজে সেটি যথাস্থানে স্থাপন করলেন। সবাই সন্তুষ্ট হলো এবং বিবাদের অবসান হলো।

জাহেলী যুগের লোকদের মধ্যে কিছু প্রশংসনীয় গুণ ছিল। যেমন: দানশীলতা, বিশ্বস্ততা ও সাহসিকতা। তাদের মধ্যে ইবরাহিমের ধর্মের কিছু অবশিষ্টাংশও ছিল, যেমন: কাবাকে সম্মান করা, তাওয়াফ, হজ, উমরা ও কুরবানি পেশ করা। কিন্তু এর পাশাপাশি তাদের মধ্যে অনেক নিন্দনীয় চরিত্র ও অভ্যাস ছিল, যেমন: ব্যভিচার করা, মদ পান করা, সুদ খাওয়া, কন্যাসন্তান হত্যা করা, যুলুম করা এবং মূর্তিপূজা করা।

ইবরাহিমের দ্বীন পরিবর্তন করে সর্বপ্রথম মূর্তিপূজার প্রচলন শুরু করেছিল আমর ইবনে লুহাই আল-খুযাঈ। সেই মক্কাতে ও অন্যান্য স্থানে মূর্তি নিয়ে এসেছিল এবং মানুষকে মূর্তিপূজার দিকে আহ্বান করেছিল। এসব মূর্তির মধ্যে ছিল: উদ্দ, সুওয়াআ, ইয়াগুস, ইয়াউক ও নাসরা।

এরপর আরবরা আরও অনেক মূর্তি তৈরি করে। এর মধ্যে ছিল কুদাইদে 'মানাত' মূর্তি, তায়েফে 'লাত', নাখলা উপত্যকায় 'উয্যা' এবং কাবার ভেতরে 'হুবাল'। কাবার চারপাশে ও ঘরে ঘরে মূর্তি ছিল। মানুষ গণক ও জাদুকরদের কাছে বিচার-ফায়সালার জন্য যেত।

এইভাবে যখন শিরক ও অন্যায় ছড়িয়ে পড়ল, তখন আল্লাহ মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে চল্লিশ বছর বয়সে নবী হিসেবে প্রেরণ করলেন, একমাত্র আল্লাহর ইবাদত করার এবং মূর্তিপূজা ছেড়ে দেওয়ার আহ্বান নিয়ে। কুরাইশরা তাঁকে

অস্বীকার করল এবং বলল:

أَجَعَلَ الْآلِهَةَ إِلَٰهًا وَاحِدًا إِنَّ هَٰذَا لَشَيْءٌ عُجَابٌ

‘সে কি বহু উপাস্যকে এক উপাস্য বানিয়ে ফেলতে চায়? এ তো এক অদ্ভুত ব্যাপার।’[সূরা সাদ: ৫]

এসব মূর্তি আল্লাহর পরিবর্তে পূজিত হতে থাকল, যতদিন না আল্লাহ তাঁর রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তাওহীদ (একত্ববাদ) নিয়ে পাঠালেন। তখন তিনি এবং তাঁর সাহাবীরা রাদিয়াল্লাহু আনহুম সেগুলো ভেঙে ধ্বংস করে দিলেন এবং সত্য প্রকাশিত হলো, বাতিল মিটে গেল:

وَقُلْ جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ إِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوقًا

‘বলুন: সত্য এসে গেছে এবং মিথ্যা অবলুপ্ত হয়েছে। নিশ্চয়ই মিথ্যা অবলুপ্ত হওয়ারই কথা।’[সূরা বনি ইসরাইল: ৮১]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর সর্বপ্রথম ওহি নাযিল হয় হেরা গুহায়, যেখানে তিনি ইবাদত করতেন। জিবরাইল আলাইহিস সালাম তাঁর কাছে এসে তাঁকে পড়তে বললেন। রাসূল বললেন: ‘আমি পড়তে জানি না।’ জিবরাইল তাঁকে জড়িয়ে ধরে ছেড়ে দিলেন। তৃতীয়বার বললেন:

اقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ (1) خَلَقَ الْإِنسَانَ مِنْ عَلَقٍ (2) اقْرَأْ وَرَبُّكَ الْأَكْرَمُ

“পড়ুন আপনার প্রভুর নামে, যিনি সৃষ্টি করেছেন। সৃষ্টি করেছেন মানুষকে জমাটবদ্ধ রক্ত থেকে। পড়ুন, আর আপনার প্রভু পরম বদান্য।”[সূরা আলাক্ব: ১-৩]

রাসূল কম্পিত হৃদয়ে ফিরে এলেন এবং তাঁর স্ত্রী খাদিজার কাছে গিয়ে সব কথা জানালেন এবং বললেন, “আমি নিজের জন্য আশঙ্কা বোধ করছি।” খাদিজা তাঁকে সান্ত্বনা দিয়ে বললেন: “আল্লাহর কসম! আল্লাহ কখনো আপনাকে লজ্জিত করবেন না। আপনি আত্মীয়দের সাথে সম্পর্ক রক্ষা করেন, অক্ষমদের বোঝা বহন করেন, অতিথিদের আপ্যায়ন করেন, নিঃস্বকে উপার্জন করে দেন এবং সত্যের দুর্যোগে সাহায্য করেন।” এরপর তিনি তাঁকে নিয়ে তাঁর চাচাতো ভাই ওয়ারাকা ইবনে নাওফালের কাছে গেলেন, যিনি খ্রিষ্টধর্ম গ্রহণ করেছিলেন। ঘটনা শুনে তিনি সুসংবাদ দিলেন এবং বললেন: “এটি সেই নামুস (ঐশী বার্তাবাহক জিবরাইল) যাকে আল্লাহ মূসার কাছে পাঠিয়েছিলেন।” তিনি তাঁকে ধৈর্য ধারণের উপদেশ দিলেন এবং বললেন যে কওম তাঁকে কষ্ট দেবে ও দেশ থেকে বের করে দেবে।

এরপর কিছুকালের জন্য ওহী বন্ধ থাকে। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুশ্চিন্তায় পড়ে গেলেন। একদিন তিনি হাঁটছিলেন, হঠাৎ আবার ফেরেশতাকে আকাশ ও পৃথিবীর মাঝখানে দেখতে পেলেন। তিনি ঘরে ফিরে চাদরে গা মুড়ে দিলেন। তখন আল্লাহ নাযিল করলেন:

يَا أَيُّهَا الْمُدَّثِّرُ (1) قُمْ فَأَنذِرْ

“হে চাদরাবৃত, উঠুন এবং সতর্ক করুন।”[সূরা মুদ্দাসসরি: ১-২] এরপর থকেে ধারাবাহকিভাবে ওহী নাযলি হতে থাকে।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় তরেো বছর অবস্থান করে একমাত্র আল্লাহর ইবাদতরে দকিে মানুষকে আহ্বান করনে; প্রথমে গোপনে, তারপর প্রকাশ্যে। আল্লাহ যখন তাঁকে সত্য কথা প্রকাশ্যে বলতে নর্িদশে দলিনে, তখন তনিি যুদ্ধ ছাড়া কোমলতা ও নম্রতা দয়িে মানুষকে ডাকলনে। তনিি প্রথমে তাঁর নকিটাত্মীয়দরেকে সতর্ক করলনে, তারপর তাঁর কওমকে, তারপর আশপাশরে লোকদরেকে, তারপর সমগ্র আরবদরেকে এবং তারপর সমগ্র বশ্বিকে। এরপর আল্লাহ বললনে:

فَاصْدَعْ بِمَا تُؤْمَرُ وَأَعْرِضْ عَنِ الْمُشْرِكِينَ

‘অতএব তোমাকে যা আদশে করা হয়ছেে তা প্রকাশ্যে ঘোষণা করুন এবং মুশরকিদরে থকেে মুখ ফরিয়িে ননি।’[সূরা হজির: ৯৪]

রাসূলরে প্রতি স্বল্প সংখ্যক ধনী, সম্ভ্রান্ত, দুর্বল, দরদ্রি ও দাস, নারী ও পুরুষ ঈমান আনে। তারা সকলে তাদরে ধর্মরে জন্য কষ্ট ভোগ করে। কাউকে নর্যিাতন করা হয়, কাউকে হত্যা করা হয় এবং কউে কউে কুরাইশদরে অত্যাচার থকেে বাঁচতে হাবশায় হজিরত কর।ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও কষ্টরে সম্মুখীন হন। কন্িতু তনিি ধর্যৈ ধারণ করনে, এমনকি আল্লাহ তাঁর ধর্মকে বজিয়ী করনে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামরে বয়স যখন পঞ্চাশ বছর এবং নবুওয়তরে দশ বছর অতবিাহতি হয়ে তখন তাঁর চাচা আবু তালবি ইন্তকোল করনে, যনিি তাঁকে কুরাইশদরে কষ্ট থকেে রক্ষা করতনে। তাঁর পরইে ইন্তকোল করনে তাঁর স্ত্রী খাদজিা, যনিি তাঁকে সান্ত্বনা দতিনে। তখন তাঁর সম্প্রদায়রে অত্যাচার আরও বড়েে যায় এবং তারা তাঁর বরিুদ্ধে আরো উদ্ধত হয়ে উঠে এবং বভিন্নিভাবে কষ্ট দয়োে শুরু কর।ে তনিি ধর্যৈ ও সওয়াবরে আশায় সব সহ্য করে যান। সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম।

যখন অত্যাচার তীব্র হলো এবং কুরাইশরা ঔদ্ধত্য প্রকাশ করে চলল, তখন তনিি তায়ফেে যান এবং সখোনকার অধবিাসীদরে ইসলামরে দকিে আহ্বান করনে। তারা তাঁর আহ্বানে সাড়া না দয়িে বরং তাঁকে কষ্ট দলি এবং পাথর ছুঁড়ে মারল, এমনকি তাঁর গোড়ালি থকেে রক্ত ঝরাল। অতঃপর তনিি মক্কায় ফরিে এলনে এবং হজ ও অন্যান্য সুযোগে মানুষকে ইসলামরে দকিে আহ্বান করতে থাকলনে।

এরপর আল্লাহ তাঁর রাসূলকে রাতরে বলো মসজদিুল হারাম থকেে মসজদিুল আকসা পর্যন্ত ভ্রমণ করালনে। তনিি বোেরাকে সওয়ার ছলিনে এবং জবিরাইল তাঁর সাথে ছলিনে। সখোনে নমেে তনিি নবীদরে সাথে নামাজ পড়লনে। তারপর তাঁকে প্রথম

আকাশে নিয়ে যাওয়া হলো, সেখানে তিনি আদম আলাইহিস সালামকে দেখলেন এবং তাঁর ডান পাশে সৌভাগ্যবানদের আত্মা ও বাম পাশে হতভাগ্যদের আত্মা দেখলেন। তারপর দ্বিতীয় আকাশে নিয়ে যাওয়া হলো, সেখানে ঈসা ও ইয়াহইয়া আলাইহিমাস সালামকে দেখলেন। তারপর তৃতীয় আকাশে, সেখানে ইউসুফ আলাইহিস সালামকে দেখলেন। তারপর চতুর্থ আকাশে, সেখানে ইদ্রিস আলাইহিস সালামকে দেখলেন। তারপর পঞ্চম আকাশে, সেখানে হারুন আলাইহিস সালামকে দেখলেন। তারপর ষষ্ঠ আকাশে, সেখানে মূসা আলাইহিস সালামকে দেখলেন। তারপর সপ্তম আকাশে, সেখানে ইবরাহিম আলাইহিস সালামকে দেখলেন। এরপর সিদরাতুল মুনতাহায় নিয়ে যাওয়া হলো। সেখানে তাঁর প্রভু তাঁর সাথে কথা বললেন এবং তাঁকে সম্মানিত করলেন। তাঁর ও তাঁর উম্মতের উপর দিনে রাতে পঞ্চাশ ওয়াক্ত নামাজ ফরজ করলেন। তারপর কমিয়ে কার্যতঃ পাঁচ ওয়াক্ত এবং সওয়াবে পঞ্চাশ ওয়াক্ত করা হলো। উম্মতে মুহাম্মাদিকে সম্মান করে দিনে রাতে পাঁচ ওয়াক্ত নামাজ স্থির হলো। তারপর ভোর হওয়ার আগেই তিনি মক্কায় ফিরে এলেন এবং সব ঘটনা বললেন। ঈমানদারেরা বিশ্বাস করল, আর কাফিরেরা মিথ্যা প্রতিপন্ন করল:

سُبْحَانَ الَّذِي أَسْرَىٰ بِعَبْدِهِ لَيْلًا مِّنَ الْمَسْجِدِ الْحَرَامِ إِلَى الْمَسْجِدِ الْأَقْصَى الَّذِي بَارَكْنَا حَوْلَهُ لِنُرِيَهُ مِنْ آيَاتِنَا ۚ إِنَّهُ هُوَ السَّمِيعُ الْبَصِيرُ

“পবিত্র সেই সত্তা যিনি তাঁর বান্দাকে রাতের বেলা মাসজিদুল হারাম থেকে মাসজিদুল আকসা পর্যন্ত ভ্রমণ করিয়েছেন, যার চারপাশ আমি বরকতময় করেছি, যাতে তাঁকে আমার কিছু নিদর্শন দেখাই। নিশ্চয়ই তিনি সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।”[সূরা ইসরা: ১]

তারপর আল্লাহ তাঁর রাসূলের জন্য সাহায্যকারীদের ব্যবস্থা করলেন। হজের মৌসুমে মদিনার খাযরাজ গোত্রের একদল লোকের সাথে তাঁর সাক্ষাৎ হলো এবং তারা ইসলাম গ্রহণ করল। তারপর তারা মদিনায় ফিরে ইসলাম প্রচার করল। পরের বছর তারা পনেরো জনেরও বেশি হয়ে এলো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের সাথে মিলিত হলেন এবং তাদেরকে কুরআন পড়াতে ও ইসলাম শেখাতে তাদের সাথে মুসআব ইবনে উমাইরকে পাঠালেন। তাঁর হাতে অনেকে ইসলাম গ্রহণ করল, যার মধ্যে আওস গোত্রের নেতা সাদ ইবনে মুআয ও উসাইদ ইবনে হুদাইর ছিলেন।

পরের বছর হজের মৌসুমে আওস ও খাযরাজ থেকে সত্তরেরও বেশি লোক মক্কায় এলেন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মদিনায় আমন্ত্রণ জানালেন, কারণ মক্কাবাসীরা তাঁকে বয়কট করেছিল ও কষ্ট দিয়েছিল। রাসূল তাদের সাথে তাশরিকের কোনো এক রাতে ‘আকাবা’-র কাছে দেখা করার ওয়াদা করলেন। যখন রাতের এক তৃতীয়াংশ পার হল তখন তারা নির্ধারিত স্থানে গেলে এবং সেখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এলে, তাঁর সাথে তাঁর চাচা আব্বাস ছিলেন। আব্বাস তখনও ঈমান আনেননি, কিন্তু ভাতিজার বিষয়টিতে উপস্থিত থাকতে চেয়েছিলেন। তখন আব্বাস, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও উপস্থিত লোকেরা সুন্দর আলোচনা করলেন। এরপর রাসূল এই শর্তে তাদেরকে বায়আত করালেন যে তিনি হিজরত করে মদিনায় গেলে তারা তাঁকে আশ্রয় দেবে, সাহায্য করবে ও প্রতিরক্ষা দিবে; আর এর বিনিময়ে তারা

জান্নাত পাবে। তখন একে একে সবাই বায়আত করল। তারপর তারা চলে গেলে। কুরাইশরা তাদেরে বিষয়টি জেনে গেলে এবং তাদেরেকে খুঁজতে বেরিয়ে পড়ল, কিন্তু আল্লাহ তাদেরেকে রক্ষা করলনে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপযুক্ত সময় পর্যন্ত মক্কায় থেকে গেলেনে:

وَلَيَنصُرَنَّ اللَّهُ مَن يَنصُرُهُ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ

'আল্লাহ অবশ্যই তাদেরে সাহায্য করবনে যারা তাঁকে সাহায্য করে। নিশ্চয়ই আল্লাহ শক্তিমান, পরাক্রমশালী।'[সূরা হজ: ৪০]

তারপর রাসূল সাহাবীদেরকে মদিনায় হিজরত করার নির্দেশে দিলিনে। তারা দলে দলে হিজরত করতে লাগলনে। মুশরিকরা যাদেরেকে আটকে রেখেছেলি তারা ছাড়া আর কেউ মক্কায় রইলনে না। মক্কায় মুসলমানদেরে মধ্যে শুধু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আবু বকর ও আলী রইলনে। রাসূলেরে সাহাবীদেরে মদিনায় হিজরতেরে বিষয়টি মুশরিকরা বুঝতে পরেে আশঙ্কা করল যে রাসূলও তাদেরে সাথে মিলিতি হবনে এবং তাঁর শক্তি বেড়ে যাবে। তারা তাঁকে হত্যার ষড়যন্ত্র করল। জিবরীল রাসূলকে বিষয়টি জানালনে। তখন রাসূল আলীকে নির্দেশে দিলিনে তাঁর বিছানায় শুয়ে থাকতে এবং মানুষেরে যসেব আমানত রাসূলেরে কাছে ছিলি সগেুলো ফিরিয়ে দিতি। মুশরিকরা রাসূলকে বরে হওয়ার সাথে সাথে হত্যা করার জন্য তাঁর দরজার কাছে রাত কাটাচ্ছিলি। কিন্তু, রাসূল তাদেরে মাঝ দিয়িইে বেরিয়ে গেলেনে। আল্লাহ তাঁকে তাদেরে ষড়যন্ত্র থেকে রক্ষা করার পর তিনি আবু বকরেরে বাড়িতি গেলেনে। এ প্রসঙ্গে আল্লাহ নাযলি করলনে:

وَإِذْ يَمْكُرُ بِكَ الَّذِينَ كَفَرُوا لِيُثْبِتُوكَ أَوْ يَقْتُلُوكَ أَوْ يُخْرِجُوكَ وَيَمْكُرُونَ وَيَمْكُرُ اللَّهُ وَاللَّهُ خَيْرُ الْمَاكِرِينَ

'স্মরণ করুন, যখন কাফরিরো আপনাকে বন্দি করার জন্য অথবা হত্যা করার জন্য কিংবা (মাতৃভূমি থেকে) বরে করে দেওয়ার জন্য আপনার বিরুদ্ধে ষড়যন্ত্র করছিলি। তারা ষড়যন্ত্র করছিলি এবং আল্লাহ (তাদেরে ষড়যন্ত্রেরে বিরুদ্ধে) কৌশল করছিলিনে। আল্লাহ সর্বোত্তম কৌশলী।'[সূরা আনফাল: ৩০]

এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদিনায় হিজরত করার সংকল্প করলনে। তিনি ও আবু বকর রওনা হয়ে সাওর গুহায় গেলেনে এবং তিনিরাত সখোনে থাকলনে। তারা আবদুল্লাহ ইবনে আবী আরীকতিকে পথপ্রদর্শক হিসিবে ভাড়া করলনে এবং তাঁর কাছে তাদেরে উটনী দুটো সোপর্দ করলনে। সে মুশরিকি ছিলি। কুরাইশরা ঘটনা জেনে সব জায়গায় তাদেরে খুঁজতে লাগল, কিন্তু আল্লাহ তাঁর রাসূলকে রক্ষা করলনে। খোঁজাখুঁজি কিছুটা শান্ত হওয়ার পর তারা মদিনার পথে রওনা হলনে। কুরাইশরা যখন তাদেরেকে পাওয়ার ব্যাপারে হতাশ পয়েে পড়ল তখন ঘোষণা করল যে কেউ তাদেরে কাউকে বা উভয়কে ধরে আনতে পারবে তাকে দুইশো উট পুরস্কার দেওয়া হবে। তখন লোকেজন উৎসাহেরে সাথে তাদেরেকে খুঁজতে লাগল। মদিনার পথে সুরাকা ইবনে মালকি (যে মুশরিকি ছিলি) তাদেরে সন্ধান পয়েে পিছিনে ধাওয়া করল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার বিরুদ্ধে দোয়া করলনে। ফলে তার ঘোড়ার পা মাটতিে দেবে গেলে। সে বুঝল যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

আল্লাহর হফোজতে আছনে। সে রাসূলরে কাছে ক্ষমা প্রার্থনা করল এবং অনুরোধ করল যনে তার জন্য দোয়া করা হয় ও তাকে কোনো ক্ষতি না করা হয়। রাসূল তার জন্য দোয়া করলনে এবং সে ফরিে গলে এবং তাদরেকে খোঁজা থকেে মানুষকে সরযি়ে দলি। পরবর্তীতে মক্কা বজিয়রে পর সে ইসলাম গ্রহণ কর।ে

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মদীনায় পৌঁছালনে, তখন তাঁর আগমনে মুসলমানরা আনন্দে ‘তাকবীর’ ধ্বনি দযি়ে উঠলনে। নারী, পুরুষ ও শশিুরা অত্যন্ত আনন্দরে সাথে তাঁকে অভ্যর্থনা জানালনে। তনি ‘কুবা’ নামক স্থানে অবতরণ করনে এবং সখোনে তনি ও মুসলমানরা মলিে ‘কুবা মসজদি’ নর্িমাণ করনে। সখোনে তনি দশ রাতরে কছিু বশেি সময় অবস্থান করনে। এরপর জুমআর দনি তনি সওয়ার হন এবং ‘বনু সালমি বনি আউফ’ গোত্রে জুমআর নামাজ আদায় করলনে। এরপর তনি তাঁর উষ্ট্রীর পঠিে চড়ে মদীনায় প্রবশে করলনে। মানুষ তাঁকে চারপাশ থকেে ঘরিে ধরল এবং তাঁর উষ্ট্রীর লাগাম ধরতে চাইল যনে তনি তাদরে কাছে অবস্থান গ্রহণ করনে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদরে উদ্দশ্যেে বললনে: ‘উটকে ছড়েে দাও, কারণ এটি (আল্লাহর পক্ষ থকেে) আদষ্টি।’ উষ্ট্রীটি চলতে থাকল এবং অবশষেে বর্তমান মসজদিে নববীর জায়গায় গযি়ে বসে পড়ল।

আল্লাহ তাঁর রাসূলরে জন্য তাঁর মামাদরে বাড়তিে মসজদিরে সন্নকিটে থাকার ব্যবস্থা করে দলিনে এবং তনি আবু আইয়ুব আনসারী রাদয়িাল্লাহু আনহুর বাড়তিে উঠলনে। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা থকেে তাঁর পরবিার-পরজিন, কন্যাগণ এবং আবু বকর রাদয়িাল্লাহু আনহুর পরবিারকে নযি়ে আসার জন্য লোক পাঠালনে এবং তাঁরা মদীনায় চলে এলনে।

অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তাঁর সাহাবীরা সইে স্থানে মসজদি নর্িমাণ শুরু করলনে যখোনে উষ্ট্রীটি বসছেলি। তনি মসজদিরে কবিলা ‘বাইতুল মাকদসিরে দকিে নর্িধারণ করলনে। মসজদিরে খুঁটি ছলি খজেুর গাছরে কান্ড এবং ছাদ ছলি খজেুররে ডাল ও পাতা দযি়ে তরৈ।ি মদীনায় আসার কয়কে মাস পর কবিলা কাবার দকিে পরবির্তন করা হয়।

এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুহাজরি ও আনসারদরে মধ্যে ভ্রাতৃত্বরে বন্ধন স্থাপন করলনে। তনি ইহুদীদরে সাথে শান্তি ও মদীনা রক্ষার ব্যাপারে একটি লখিতি চুক্তিতে আবদ্ধ হলনে। ইহুদীদরে প্রধান আলমে আব্দুল্লাহ বনি সালাম ইসলাম গ্রহণ করনে, কন্িতু অধকিাংশ ইহুদী কুফরী করতে থাক।ে সইে বছরই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আয়শো রাদয়িাল্লাহু আনহার সাথে ববিাহ বন্ধনে আবদ্ধ হন।

দ্বতিীয় হজিরতিে আযান প্রবর্তিত হয়, আল্লাহ কবিলা কাবার দকিে পরবির্তন করনে এবং রমজানরে রোজা ফরয করনে।

যখন রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মদীনায় স্থতি হলনে এবং আল্লাহ তাঁকে সাহায্য করলনে, মুহাজরি ও আনসাররা তাঁর চারপাশে সমবতে হলনে এবং সকলরে হৃদয় তাঁর ওপর ঐক্যবদ্ধ হলো, তখনই মুশরকি, ইহুদী এবং মুনাফকিরা একজোটে হয়ে তাঁকে আক্রমণ করতে শুরু করল। তারা তাঁকে কষ্ট দলি, তাঁর বরিুদ্ধে অপবাদ রটাল এবং যুদ্ধরে ঘোষণা দলি।

কন্তিু আল্লাহ তাঁকে ধর্যৈ ও ক্ষমার আদশে দতিে থাকলনে। যখন তাদরে জুলুম চরম সীমায় পৌঁছাল এবং তাদরে অনষ্টি বড়েে গলে, তখন আল্লাহ মুসলমানদরেকে যুদ্ধরে অনুমত‌ি দলিনে এবং এই আয়াত নাজলি করলনে:

أُذِنَ لِلَّذِينَ يُقَاتَلُونَ بِأَنَّهُمْ ظُلِمُوا وَإِنَّ اللَّهَ عَلَىٰ نَصْرِهِمْ لَقَدِيرٌ

‘যাদরে বরিুদ্ধে যুদ্ধ চালানো হচ্ছে, তাদরেকে (আক্রমণকারীর বরিুদ্ধে যুদ্ধরে) অনুমত‌ি দয়ো হলো; কারণ তাদরে প্রত‌ি যুলুম করা হয়ছে।ে আর নশ্চিয়ই আল্লাহ তাদরেকে (মযলুম মুমনিদরেকে) সাহায্য করতে সক্ষম।’[সূরা হজ: ৩৯]

এরপর আল্লাহ মুসলমানদরে ওপর সইেসব কাফরেদরে বরিুদ্ধে যুদ্ধ ফরয করলনে যারা তাদরে সাথে যুদ্ধ করত। আল্লাহ বলনে:

وَقَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ الَّذِينَ يُقَاتِلُونَكُمْ وَلَا تَعْتَدُوا ۚ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ

‘আর তোমরা আল্লাহর পথে তাদরে বরিুদ্ধে যুদ্ধ করো যারা তোমাদরে বরিুদ্ধে যুদ্ধ কর,ে আর সীমালঙ্ঘন করো না। নশ্চিয়ই আল্লাহ সীমা লঙ্ঘনকারীদরে ভালোবাসনে না।’[সূরা বাকারা: ১৯০]

অতঃপর আল্লাহ মুশরকিদরে বরিুদ্ধে সর্বাত্মক যুদ্ধরে নর্দিশে দলিনে:

وَقَاتِلُوا الْمُشْرِكِينَ كَافَّةً كَمَا يُقَاتِلُونَكُمْ كَافَّةً

‘আর তোমরা মুশরকিদরে বরিুদ্ধে সর্বাত্মক যুদ্ধ করো যভোবে তারা তোমাদরে বরিুদ্ধে সর্বাত্মক যুদ্ধ কর।ে’[সূরা তাওবা: ৩৬]

এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহ‌ি ওয়াসাল্লাম এবং তাঁর সাহাবীগণ আল্লাহর পথে দাওয়াত ও জহিাদে আত্মনয়িোগ করলনে, আক্রমণকারীদরে ষড়যন্ত্র নস্যাৎ করলনে এবং মযলুমদরে থকেে যুলুম দূর করলনে। আল্লাহ তাঁর সাহায্যে তাঁকে শক্তশিালী করলনে এবং অবশষেে দ্বীন পরপিূর্ণভাবে আল্লাহর জন্য প্রতষ্ঠিতি হলো। তনি‌ি হজিরি দ্বতিীয় বছরে রমজান মাসে বদররে যুদ্ধে মুশরকিদরে সাথে লড়াই করনে এবং আল্লাহ তাঁদরে ওপর তাঁকে বজিয় দান করনে ও শত্রুদরে ছত্রভঙ্গ করে দনে। তৃতীয় হজিরতিে বনু কাইনুকার ইহুদীরা বশ্বিাসঘাতকতা করে এবং একজন মুসলমানকে হত্যা কর।ে তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহ‌ি ওয়াসাল্লাম তাদরেকে মদীনা থকেে সরিয়িার দকিে বহষ্কিার করনে। এরপর কুরাইশরা বদররে প্রতশিোধ নওেয়ার জন্য তৃতীয় হজিররি শাওয়াল মাসে উহুদ পাহাড়রে পাদদশেে জড়ো হয়। সখোনে যুদ্ধ সংঘটতি হয়, কন্তিু তীরন্দাজ বাহনিী রাসূলরে আদশে অমান্য করার কারণে পূর্ণ বজিয় অর্জতি হয়ন‌ি এবং মুশরকিরা মদীনায় প্রবশে না করইে মক্কায় ফরিে যায়।

এরপর বনু নাদ্বীর গোত্ররে ইহুদীরা বশ্বিাসঘাতকতা করে এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহ‌ি ওয়াসাল্লামকে পাথর ছুড়ে

হত্যার ষড়যন্ত্র করে। আল্লাহ তাঁকে রক্ষা করনে। চতুর্থ হজিরতিে তনি তািদরেকে অবরোধ করনে এবং খাইবারে বহষ্কিার করনে।

পঞ্চম হজিরতিে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বনু মুস্তালকিরে আক্রমণ প্রতহিত করতে তাদরে বরিুদ্ধে অভযিান চালান এবং বজিয়ী হন। এরপর ইহুদী নতোরা মদীনা থকেে ইসলাম নর্মিূল করার জন্য বভিন্নি গোত্রকে উস্কানি দয়ে। মদীনার চারপাশে মুশরকি, হাবশী, গাতফান এবং ইহুদীরা একত্রতি হয়। কন্িতু আল্লাহ তাদরে চক্রান্ত ব্যর্থ করে দনে এবং তাঁর রাসূল ও মুমনিদরে সাহায্য করনে:

وَرَدَّ اللَّهُ الَّذِينَ كَفَرُوا بِغَيْظِهِمْ لَمْ يَنَالُوا خَيْرًا وَكَفَى اللَّهُ الْمُؤْمِنِينَ الْقِتَالَ ۚ وَكَانَ اللَّهُ قَوِيًّا عَزِيزًا

‘আল্লাহ কাফরেদরেকে তাদরে ক্রোধ নয়িইে ফরিয়িে দলিনে, তারা কোনো কল্যাণ লাভ করতে পারনে।ি যুদ্ধে (সাহায্য করার) জন্য মুমনিদরে পক্ষে আল্লাহই যথষ্টে। আল্লাহ মহা শক্তধির ও পরাক্রমশালী।’[সূরা আহযাব: ২৫]

এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বনু কুরাইযার ইহুদীদরে বশি্বাসঘাতকতা ও অঙ্গীকার ভঙ্গরে কারণে তাদরেকে অবরোধ করনে। আল্লাহ তাঁদরে উপরও তাঁকে বজিয় দান করনে। ফলে তাদরে পুরুষদরে হত্যা করা হয় এবং নারী ও শশিুদরেকে বন্দী করা হয় এবং তাদরে সম্পদ গনীমতরে অন্তর্ভুক্ত করা হয়।

ষষ্ঠ হজিরতিে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বায়তুল্লাহ যয়িারত করা ও তাওয়াফ করার সদি্ধান্ত ননে। কন্িতু মুশরকিরো তাঁকে বায়তুল্লায় পৌঁছতে বাধা দয়ে। অবশষেে হুদায়বয়িাতে তাদরে সাথে দশ বছররে জন্য যুদ্ধ বন্ধরে সন্ধি-চুক্তি স্বাক্ষর করা হয়। যাতে এ সময় মানুষ নরিাপদে থাকে এবং স্বাধীনভাবে ধর্ম বছেে নওেয়ার সুযোগ পায়। যার ফলে দলে দলে মানুষ আল্লাহর দ্বীনে প্রবশে করে।

সপ্তম হজিরতিে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাইবার অভযিান পরচিালনা করনে। যাতে করে যসেব ইহুদী নতোরা মুসলমানদরে কষ্ট দয়িছেলি তাদরে নর্মিূল করা যায়। তনি তািদরেকে অবরোধ করে রাখনে এবং আল্লাহ তাঁকে তাদরে উপর বজিয়ী করনে। তাদরে সম্পদ ও জমি গনীমত হসিবেে হস্তগত করনে। এরপর তনি বিশি্বরে বভিন্নি রাজাদরে কাছে ইসলামরে দাওয়াত দয়িে পত্র পাঠান।

অষ্টম হজিরতিে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আক্রমণকারীদরে শায়স্তো করার জন্য যায়দে ইবনে হারসিা রাদয়িাল্লাহু আনহুর নতেৃত্বে একটি সনোবাহনিী পাঠান। কন্িতু রোমানরা বশিাল সনোবাহনিী নয়িে পাল্টা আক্রমণ করে এবং মুসলমি সনোপতরিা শহীদ হন। আল্লাহ অবশষ্টি মুসলমিদরেকে তাদরে অনষ্টি থকেে রক্ষা করনে।

এরপর মক্কার কাফরেরা বশি্বাসঘাতকতা করে সন্ধি ভঙ্গ করে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক বশিাল বাহনিী নয়িে মক্কা অভমিুখে যাত্রা করনে এবং মক্কা বজিয় করনে। তনি আিল্লাহর প্রাচীন ঘর কাবাকে মূর্তি মুক্ত

করেন এবং কাফেরদের কর্তৃত্ব মুক্ত করেন।

অষ্টম হিজরির শাওয়াল মাসে সাকিফ ও হাওয়াযিন গোত্রের আক্রমণ প্রতিহত করতে হুনাইনের যুদ্ধ সংঘটিত হয়। আল্লাহ তাদেরকে পরাজিত করেন এবং মুসলমানেরা প্রচুর গনীমত লাভ করে। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তায়েফে অভিমুখে যাত্রা করেন এবং তায়েফকে অবরোধ করেন। তবে তখনো তায়েফ বিজয় করার অনুমতি আসেনি। তাই তিনি তাদের জন্য দোয়া করে ফিরে আসেন। পরবর্তীতে তারা ইসলাম গ্রহণ করে। এরপর তিনি গনিমত বণ্টন করেন, উমরা সম্পন্ন করেন এবং মদীনায় ফিরে আসেন।

নবম হিজরিতে অভাব ও তীব্র গরমের সময় 'তাবুক যুদ্ধ' সংঘটিত হয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রোমানদের চক্রান্ত নস্যাৎ করতে তাবুকে যান এবং সেখানে অবস্থান করেন। কোনো সরাসরি যুদ্ধ হয়নি। তিনি কিছু গোত্রের সাথে সন্ধি করেন এবং গনিমত নিয়ে মদীনায় ফিরে আসেন। এটিই ছিল তাঁর জীবনের শেষ যুদ্ধ। সেই বছর বিভিন্ন গোত্র ইসলাম গ্রহণের উদ্দেশ্যে মদীনায় প্রতিনিধি দল পাঠায়, যার মধ্যে বনু তামীম, তাঈ, আব্দুল কায়েস এবং বনু হানিফা অন্যতম। তাঁরা সবাই ইসলাম গ্রহণ করেন। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবু বকর রাদিয়াল্লাহু আনহুকে হাজীদের নেতৃত্ব দিয়ে মক্কায় পাঠান এবং তাঁর সাথে আলী রাদিয়াল্লাহু আনহুকে পাঠিয়ে সূরা 'বারাআত' (তাওবা) পাঠ করার নির্দেশ দেন যেন মুশরিকদের সাথে সম্পর্ক ছিন্ন করার কথা জানানো হয়। আলী রাদিয়াল্লাহু আনহু কুরবানির দিন ঘোষণা করেন: "হে লোকেসকল! কোনো কাফের জান্নাতে প্রবেশ করবে না, এই বছরের পর কোনো মুশরিক হজ করতে পারবে না, কেউ উলঙ্গ হয়ে কাবা তওয়াফ করতে পারবে না এবং যার সাথে রাসূলের চুক্তি আছে তা নির্দিষ্ট সময় পর্যন্ত বহাল থাকবে।"

দশম হিজরিতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হজের সংকল্প করেন এবং মানুষকে হজ করার আহ্বান জানান। মদীনা ও বাইরে থেকে অসংখ্য মানুষ তাঁর সাথে হজে অংশগ্রহণ করেন। তিনি 'যুল-হুলাইফা' থেকে ইহরাম বাঁধেন এবং যিলহজ মাসে মক্কায় পৌঁছান। তিনি তাওয়াফ ও সাঈ করেন এবং মানুষকে হজের নিয়ম-কানুন শিক্ষা দেন। আরাফাতের ময়দানে তিনি এক ঐতিহাসিক ভাষণ প্রদান করেন, যেখানে ইসলামের ইনসাফপূর্ণ বিধানগুলো প্রতিষ্ঠিত করেন। তিনি বলেন:

"হে লোকেসকল, আমার কথা শোনো। কারণ আমি জানি না এরপর আর কোনো বছর তোমাদের সাথে আমার দেখা হবে কি না। হে মানুষ! তোমাদের রক্ত, তোমাদের সম্পদ এবং তোমাদের সম্মান তোমাদের জন্য হারাম (পবিত্র), যেমন পবিত্র তোমাদের আজকের এই দিন, এই মাস এবং এই শহর। জেনে রাখো, জাহেলিয়াত আমলের সবকিছু আমার পায়ের নিচে পদদলিত হলো (বাতিল হলো)। জাহেলিয়াত আমলের রক্তের দাবি বাতিল করা হলো। আর আমাদের বংশের প্রথম রক্ত যা আমি বাতিল করছি তা হলো ইবনে রাবিয়া বিন হারিসের রক্ত। জাহেলি যুগের সুদ বাতিল করা হলো এবং আমাদের বংশের প্রথম সুদ যা আমি বাতিল করছি তা হলো আব্বাস বিন আব্দুল মুত্তালিবের সুদ। স্ত্রীদের ব্যাপারে আল্লাহকে ভয় করো, কারণ তোমরা তাদেরকে আল্লাহর আমানতের মাধ্যমে গ্রহণ করেছ এবং আল্লাহর কালেমার মাধ্যমে তাদের লজ্জাস্থানকে

হালাল করছে। তাদরে উপর তোমোদরে অধকিার হচ্ছ তারা তোমোদরে বছিানায় এমন কাউকে বসতে দবিে না যাকে তোমেরা অপছন্দ করো। যদি তারা সটো করে, তাহলে তোমেরা তাদরেকে মৃদু প্রহার করব। আর তোমোদরে উপর তাদরে অধকিার হচ্ছে তোমেরা যথাযথভাবে তাদরেকে খাবার ও পোশাক দবি। আমি তোমোদরে মাঝে এমন জনিসি রখে যাচ্ছি যা আঁকড়ে ধরলে তোমেরা কখনোই পথভ্রষ্ট হবে না, তা হলো আল্লাহর কতিাব। আমার সম্পর্কে তোমোদরেকে জজ্ঞিাসা করা হব, তখন তোমেরা কী বলব?" সাহাবীগণ বললনে: "আমরা সাক্ষ্য দচ্ছি যে আপনি আল্লাহর বাণী পৌঁছে দয়িছেনে, আপনার দায়ত্বি পালন করছেনে এবং আমাদরে কল্যাণ কামনা করছেনে।" এরপর তনিি তর্জনী আকাশরে দকিে তুললনে এবং মানুষরে দকিে ইশারা করে তনিবার বললনে: "হে আল্লাহ! আপনি সাক্ষী থাকুন।"

যখন আল্লাহ এই ধর্মকে পূর্ণতা দলিনে এবং এর মূলনীতসিমূহ প্রতষ্ঠিতি হলো, তখন আরাফাতরে ময়দানে তাঁর ওপর নাযলি হলো:

الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا

"আজ আমি তোমোদরে জন্য তোমোদরে দ্বীনকে পূর্ণ করলাম, তোমোদরে জন্য আমার অনুগ্রহ সম্পূর্ণ করলাম এবং ইসলামকে তোমোদরে দ্বীন হসিবেে পছন্দ করলাম।'[সূরা মায়দিা: ৩]

এই হজকে 'বদিায় হজ' বলা হয় কারণ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এতে মানুষরে কাছ থকেে বদিায় নয়িছেলিনে এবং এরপর আর হজ করনেনি। হজ শষে তনিি মদীনায় ফরিে যান।

একাদশ হজিররি সফর মাসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অসুস্থ হয়ে পড়নে। যখন তাঁর কষ্ট বড়েে গলে, তনিি আবু বকর রাদয়িাল্লাহু আনহুকে নামাজে ইমামতি করার নর্দিশে দলিনে। রবউিল আউয়াল মাসে তাঁর রোগ আরও বৃদ্ধি পায়। একাদশ হজিররি ১২ই রবউিল আউয়াল সোমবার পূর্বাহ্নে তনিি ইন্তকোল করনে। এতে মুসলমানরা অত্যন্ত শোকাভভিূত হন। মঙ্গলবার রাতে তাঁকে গোসল করানো হয় এবং জানাযা শষেে আয়শোর রাদয়িাল্লাহু আনহার ঘরে দাফন করা হয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মারা গয়িছেনে কন্তিু তাঁর ধর্ম কয়িামত পর্যন্ত অক্ষুণ্ণ থাকব।

এরপর মুসলমানরা তাঁর গুহার সঙ্গী এবং হজিরতরে সহচর আবু বকর রাদয়িাল্লাহু আনহুকে খলফিা হসিবেে নর্বিাচন করনে। তাঁর পরে ওমর, এরপর উসমান এবং এরপর আলী রাদয়িাল্লাহু আনহুম খলিাফতরে দায়ত্বি পালন করনে। তাঁরাই হলনে 'খোলাফায়ে রাশদেীন' (সঠকি পথপ্রাপ্ত খলফিাগণ)।

আল্লাহ তাঁর রাসূল মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামরে ওপর মহান নয়োমত দান করছেনে এবং তাঁকে মহান চরত্রিরে উপদশে দয়িছেনে:

أَلَمْ يَجِدْكَ يَتِيمًا فَآوَىٰ (6) وَوَجَدَكَ ضَالًّا فَهَدَىٰ (7) وَوَجَدَكَ عَائِلًا فَأَغْنَىٰ (8) فَأَمَّا الْيَتِيمَ فَلَا تَقْهَرْ (9) وَأَمَّا السَّائِلَ فَلَا

(تَنْهَرْ (10) وَأَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ (11

“তনিি কি তোমাকে এতমি অবস্থায় পাননি? অতঃপর আশ্রয় দয়িছেনে। তনিি তোমাকে পথহারা অবস্থায় পয়েে পথরে সন্ধান দয়িছেনে। তনিি তোমাকে অভাবগ্রস্ত অবস্থায় পয়েে অভাবমুক্ত করছেনে। সুতরাং তুমি এতমিরে প্রতি কঠোর হবে না। যাচনাকারীকে ধমক দবেে না। আর তোমার রবরে অনুগ্রহরে কথা প্রকাশ্যে বলো।”[সূরা দুহা: ৬-১১]

আল্লাহ তাঁর রাসূলকে এমন মহান চরত্রি দান করছেনে যা অন্য কারো মাঝে একত্রে দখো যায় না, এমনকি স্বয়ং আল্লাহ তাঁর প্রশংসা করে বলছেনে:

وَإِنَّكَ لَعَلَىٰ خُلُقٍ عَظِيمٍ

“নশ্চিয়ই তুমি সুমহান চরত্রিরে অধকিারী।”[সূরা কলম: ৪]

এই মহান চরত্রি ও প্রশংসনীয় গুণরে মাধ্যমইে তনিি তাঁর রবরে অনুমতক্রিমে মানুষরে মন জয় করতে পরেছেলিনে:

فَبِمَا رَحْمَةٍ مِّنَ اللَّهِ لِنتَ لَهُمْ ۖ وَلَوْ كُنتَ فَظًّا غَلِيظَ الْقَلْبِ لَانفَضُّوا مِنْ حَوْلِكَ ۖ فَاعْفُ عَنْهُمْ وَاسْتَغْفِرْ لَهُمْ وَشَاوِرْهُمْ فِي الْأَمْرِ ۖ فَإِذَا عَزَمْتَ فَتَوَكَّلْ عَلَى اللَّهِ ۚ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُتَوَكِّلِينَ

“আল্লাহর অনুগ্রহে তুমি তাদরে প্রতি কোমল হয়ছেলিে। যদি তুমি রূঢ় ও কঠনিহৃদয় হতে, তবে তারা তোমার চারপাশ থকেে সরে যতে। সুতরাং তুমি তাদরেকে ক্ষমা করো, তাদরে জন্য ক্ষমা প্রার্থনা করো এবং কাজরে ব্যাপারে তাদরে সাথে পরামর্শ করো। যখন তুমি সংকল্প করবে, তখন আল্লাহর ওপর ভরসা করব।ে নশ্চিয়ই আল্লাহ (তার উপর) ভরসাকারীদরে ভালোবাসনে।”[সূরা আলে ইমরান: ১৫৯]

আল্লাহ তাঁর রাসূল মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সমগ্র মানবজাতরি জন্য পাঠয়িছেনে এবং তাঁর ওপর কুরআন নাজলি করছেনে:

يَا أَيُّهَا النَّبِيُّ إِنَّا أَرْسَلْنَاكَ شَاهِدًا وَمُبَشِّرًا وَنَذِيرًا (45) وَدَاعِيًا إِلَى اللَّهِ بِإِذْنِهِ وَسِرَاجًا مُّنِيرًا

“হে নবী, আমি তোমাকে পাঠয়িছেি সাক্ষী, সুসংবাদদাতা, সতর্ককারী এবং আল্লাহর আদশেে তাঁর দকিে আহ্বানকারী ও উজ্জ্বল এক প্রদীপ হসিবে।ে”[সূরা আহযাব: ৪৫-৪৬]

আল্লাহ তাঁর রাসূলকে অন্যান্য নবীদরে ওপর ছয়টি বিষয়ে শ্রষ্ঠেত্ব দয়িছেনে যমেনটি তনিি বলছেনে: “আমাকে ছয়টি বিষয় দ্বারা অন্যান্য নবীদরে ওপর শ্রষ্ঠেত্ব দওেয়া হয়ছে:ে আমাকে ব্যাপক অর্থবোধক সংক্ষপ্তি বাক্য (জাওয়ামউিল কালমি) দান করা হয়ছে,ে ভীতি (শত্রুর মন)ে দয়িে আমাকে সাহায্য করা হয়ছে,ে গনমিত আমার জন্য হালাল করা হয়ছে,ে সমগ্র

জমনিকে আমার জন্য পবত্রি ও সজিদার জায়গা করা হয়ছে,ে আমাকে সমগ্র মানবজাতরি কাছে পাঠানো হয়ছে এবং আমার মাধ্যমে নবীদরে সমাপ্ত ঘিটানো হয়ছে।’[হাদীসট মিুসলমি (৫২৩) বর্ণনা করনে]

তাই জান্নাতে প্রবশেরে জন্য সকল মানুষরে উচতি তাঁর ওপর ঈমান আনা এবং তাঁর আনীত শরীয়ত অনুসরণ করা:

مَن يُطِعِ اللَّهَ وَرَسُولَهُ يُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا وَذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ

‘যারা আল্লাহ ও তাঁর রাসূলরে আনুগত্য করব,ে আল্লাহ তাদরেকে এমনসব জান্নাতে প্রবশে করাবনে যার তলদশে দয়িে নদী প্রবাহতি হয়; সখোনে তারা চরিকাল থাকব।ে আর এটাই বরিাট সাফল্য।’[সূরা নসিা: ১৩]

আহলে কতিাবদরে মধ্যে যারা রাসূলরে ওপর ঈমান এনছে আল্লাহ তাদরে প্রশংসা করছেনে এবং দুই বার পুরস্কাররে সুসংবাদ দয়িছেনে:

الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ مِن قَبْلِهِ هُم بِهِ يُؤْمِنُونَ (52) وَإِذَا يُتْلَىٰ عَلَيْهِمْ قَالُوا آمَنَّا بِهِ إِنَّهُ الْحَقُّ مِن رَّبِّنَا إِنَّا كُنَّا مِن قَبْلِهِ مُسْلِمِينَ (53) أُولَٰئِكَ يُؤْتَوْنَ أَجْرَهُم مَّرَّتَيْنِ بِمَا صَبَرُوا وَيَدْرَءُونَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنفِقُونَ

‘‘কুরআনরে আগে আম যিাদরেকে কতিাব দয়িছেলিাম, তারা এতে ঈমান আন।ে যখন তাদরে কাছে এট (িকুরআন) পাঠ করা হয়, তারা বল:ে আমরা এতে ঈমান এনছে,ি এট আিমাদরে রবরে পক্ষ থকেে আগত সত্য। আমরা এর আগওে মুসলমি (আত্মসমর্পণকারী) ছলিাম। যহেতেু তারা কষ্ট সহ্য করছে তাই তাদরেকে দুইবার পুরস্কার দওেয়া হব।ে তারা ভালো দ্বারা মন্দ প্রতহিত করে এবং তাদরেকে যা দান করছে তিা থকেে ব্যয় কর।ে’[সূরা কাসাস: ৫২-৫৪]

নবী সাল্লাল্লাহু আলাইহ ওিয়াসাল্লাম বলছেনে: ‘তনি প্রকার ব্যক্ত রিয়ছেে যাদরে দ্বগিুণ সওয়াব দওেয়া হব:ে আহলে কতিাবদরে মধ্য থকেে সইে ব্যক্ত যিে তার নবীর ওপর ঈমান এনছেলি এবং মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহ ওিয়াসাল্লামরে নবুওয়াত পয়েে তাঁর উপরও ঈমান এনছে ও তাঁর অনুসরণ করছে...”

আর যে ব্যক্ত মিুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহ ওিয়াসাল্লামরে উপর ঈমান আনবে না, সে কাফরে এবং কাফররে শাস্ত হিলো জাহান্নাম:

وَمَن لَّمْ يُؤْمِن بِاللَّهِ وَرَسُولِهِ فَإِنَّا أَعْتَدْنَا لِلْكَافِرِينَ سَعِيرًا

‘যারা আল্লাহ ও তাঁর রাসূলরে উপর ঈমান আনবে না, আম সিসেব কাফরেদরে জন্য জ্বলন্ত আগুন (জাহান্নাম) প্রস্তুত করে রখেছে।ি’[সূরা ফাতহ: ১৩]

নবীজ আিরও বলনে: ‘সইে সত্তার শপথ যার হাতে মুহাম্মদরে প্রাণ, এই উম্মতরে যে কউে, সে ইহুদী হোক বা খ্রষ্টিান,

যদি আমার কথা শোনে এবং আমি যা নিয়ে এসেছি তাতে ঈমান না এনে মারা যায়, তবে সে অবশ্যই জাহান্নামীদের অন্তর্ভুক্ত হবে।’[সহীহ মুসলিম: ১৫৪]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজন মানুষ মাত্র। আল্লাহ তাঁকে যা শিখিয়েছেন তার বাইরে তিনি নিজে থেকে অদৃশ্যের খবর (গায়েব) জানেন না এবং নিজের বা অন্যের উপকার বা ক্ষতি করার ক্ষমতা রাখেন না:

قُل لَّا أَمْلِكُ لِنَفْسِي نَفْعًا وَلَا ضَرًّا إِلَّا مَا شَاءَ اللَّهُ وَلَوْ كُنتُ أَعْلَمُ الْغَيْبَ لَاسْتَكْثَرْتُ مِنَ الْخَيْرِ وَمَا مَسَّنِيَ السُّوءُ ۚ إِنْ أَنَا إِلَّا نَذِيرٌ وَبَشِيرٌ لِّقَوْمٍ يُؤْمِنُونَ

“বলুন, আল্লাহ যা চান তা ছাড়া আমার নিজেরও কোনো উপকার বা ক্ষতি করার করতে পারি না। আমি যদি গায়েব জানতাম তবে অনেক কল্যাণ অর্জন করতাম এবং কোনো অকল্যাণ আমাকে স্পর্শ করত না। আমি তো কেবল মুমিন সম্প্রদায়ের জন্য একজন সতর্ককারী ও সুসংবাদদাতা।’[সূরা আরাফ: ১৮৮]

আল্লাহ তাঁকে ইসলামসহ পাঠিয়েছেন যেন একে সমস্ত ধর্মের ওপর বিজয়ী করেন:

هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَىٰ وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَكَفَىٰ بِاللَّهِ شَهِيدًا

“তিনিই তাঁর রাসূলকে পথনির্দেশ ও সত্য দ্বীনসহ পাঠিয়েছেন যেন একে সমস্ত ধর্মের ওপর বিজয়ী করেন। আর সাক্ষী হিসেবে আল্লাহই যথেষ্ট।’[সূরা ফাতহ: ২৮]

রাসূলের দায়িত্ব কেবল পৌঁছে দেওয়া, আর হেদায়াত আল্লাহর হাতে:

فَإِنْ أَعْرَضُوا فَمَا أَرْسَلْنَاكَ عَلَيْهِمْ حَفِيظًا ۖ إِنْ عَلَيْكَ إِلَّا الْبَلَاغُ

“যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তাহলে (জানাবে,) আমি তো তোমাকে তাদের রক্ষক হিসেবে পাঠাইনি। তোমার দায়িত্ব তো কেবল (বাণী) পৌঁছে দেওয়া।’[সূরা শূরা: ৪৮]

মানবজাতির প্রতি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মহান অবদান এবং মানুষকে অন্ধকার থেকে আলোতে নিয়ে আসার সুবাদে আল্লাহ তাঁর পূর্বাপর সমস্ত গুনাহ ক্ষমা করে দিয়েছেন এবং আমাদের তাঁর ওপর দরূদ পড়ার নির্দেশ দিয়েছেন:

إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ ۚ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا

“নিশ্চয়ই আল্লাহ (তাঁর) নবীর প্রতি দিরূদ পাঠ করেন; তাঁর ফেরেশতারাও তার উপর দরূদ পাঠ করেন। (অতএব) হে মুমিনগণ,

তোমেরাও তাঁর উপর দরূদ পাঠ করো এবং যথাযথভাবে সালাম পশে করো।’[সূরা আহযাব: ৫৬]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তাঁর সাহাবীরা এই দ্বীন প্রচাররে জন্য জহিাদ করছেনে। তাই আমাদরে উচতি তাঁর সুন্নাহ অনুসরণ করা এবং তাঁর দখোনো পথে চলা:

لَّقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِّمَن كَانَ يَرْجُو اللَّهَ وَالْيَوْمَ الْآخِرَ وَذَكَرَ اللَّهَ كَثِيرًا

“তোমাদরে মধ্যে যে আল্লাহ ও শষে দনিরে (সাক্ষাতরে) আশা রাখে এবং আল্লাহকে অধকি স্মরণ কর, তার জন্য আল্লাহর রাসূলরে মধ্যে রয়ছে উত্তম এক আদর্শ।’[সূরা আহযাব: ২১]

ইসলাম হলো স্বভাবজাত ও ন্যায়রে ধর্ম যা আল্লাহ মানবজাতরি জন্য মনোনীত করছেনে। এটি আকদিা, ইবাদত, লনেদনে এবং আখলাকরে সমন্বয়ে গঠতি। এই দ্বীনরে অনুসরণ ছাড়া উম্মাহর মুক্তি নইে এবং আল্লাহ ইসলাম ছাড়া অন্য কোনো ধর্ম গ্রহণ করবনে না:

وَمَن يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَن يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ

“কউে ইসলাম ছাড়া অন্য কোনো ধর্ম অন্বষেণ করলে তার থকেে তা কখনো গ্রহণ করা হবে না। সে পরকালে ক্ষতগি্রস্তদরে অন্তর্ভুক্ত হব।’[সূরা আলে ইমরান: ৮৫]

হে আল্লাহ! আপনি মুহাম্মদ ও তাঁর পরবিাররে ওপর রহমত বর্ষণ করুন, যমেনটি করছেলিনে ইবরাহীম ও তাঁর পরবিাররে ওপর। নশি্চয়ই আপনি অতি প্রশংসতি ও মহমিান্বতি।

সূত্র: শাইখ মুহাম্মাদ ইবনে ইব্রাহীম আত-তুয়াইজরীর ‘উসূলুদ্দীনলি ইসলামী’।